



আজ বিএনপিতে যোগ দিচ্ছেন রেজা কিবরিয়া



সংগৃহীত ছবি

দীর্ঘদিনের রাজনৈতিক পথচলার পর অবশেষে বিএনপিতে যোগ দিচ্ছেন সাবেক অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়ার ছেলে রেজা কিবরিয়া। সোমবার (১ ডিসেম্বর) বেলা ১১টায় গুলশানে বিএনপির চেয়ারপার্সনের রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে তাকে দলটিতে আনুষ্ঠানিকভাবে বরণ করা হবে। অনুষ্ঠানটিতে উপস্থিত থাকবেন দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বিষয়টি নিশ্চিত করেছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান।

আগামী জাতীয় সংসদ নির্বাচনে হবিগঞ্জ-১ আসন থেকে ধানের শীষ প্রতীকে প্রতিদ্বন্দ্বিতা করার আগ্রহ প্রকাশ করেছেন রেজা কিবরিয়া। বিএনপি ইতোমধ্যে ২২৭টি আসনে প্রার্থী ঘোষণা করলেও হবিগঞ্জ-১ আসনটি খালি রাখা হয়েছে তার জন্যই— এমনটাই দলীয় সূত্রের ইঙ্গিত। উল্লেখযোগ্য বিষয় হলো, ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনেও তিনি ঐক্যফ্রন্টের হয়ে একই আসনে ধানের শীষ প্রতীকে নির্বাচন করেছিলেন।

রেজা কিবরিয়ার রাজনৈতিক যাত্রা এর আগেই বেশ নাটকীয় ছিল। ২০১৮ সালের নির্বাচনের আগে তিনি গণফোরামে যোগ দিয়ে অল্প সময়ের মধ্যেই দলের সাধারণ সম্পাদক হন। তবে তাকে কেন্দ্র করে দলটি দুই ভাগে বিভক্ত হয়। পরবর্তীতে তিনি নুরুল হক নুরের সঙ্গে গণঅধিকার পরিষদ গঠন করেন এবং আহ্বায়কের দায়িত্ব পালন করেন। সেখানেও অভ্যন্তরীণ দ্বন্দ্বের জেরে দলটি ভেঙে যায় এবং তিনি “আমজনতার দল”-এর প্রতিষ্ঠাতা আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন।